



সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

প্রতিষ্ঠা: ১৯১৩ ইআইএন নং: ১৩০৪৩৯ ফোন : +৮৮০২৯৯৬৬৩৪৩০৩

www.sylgovaliamadrassa.edu.bd, e-mail: govtaliasyl@gmail.com




স্মারক: সআমাসি/২৬/

তারিখ : ২৮/১০/২০২৬ খ্রি.

নোটিশ

সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট-এর সকল শিক্ষক ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং যুব জনগোষ্ঠীর ক্ষমতায়নসহ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের নিমিত্তে ব্রাক কর্তৃক আগামী ২৯/১০/২০২৬ খ্রি. দুপুর ১২:০০ ঘটিকায় মাদ্রাসার ২১০ নং কক্ষে এক সেমিনারের আয়োজন করা হয়েছে। উক্ত সেমিনারে যথাসময়ে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


২৮/১০/২০২৬
অধ্যক্ষ

সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

অধ্যক্ষ
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা
সিলেট

তারিখ: ০৮ জানুয়ারি ২০২৬

বরাবর

সুপারিন্টেন্ডেন্ট/প্রিন্সিপাল/মাদ্রাসা ব্যবস্থাপনা কমিটি মেম্বর/অভিভাবক/বাজার মেনেজমেন্ট কমিটি

বিষয়: মাদ্রাসা শিক্ষক ও শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে প্রারম্ভিক অবস্থা পর্যালোচনা (Situation Analysis) বিষয়ক গবেষণা পরিচালনা ও পরবর্তী কর্মসূচি পরিচালনায় সহযোগিতা প্রসঙ্গে।

মাননীয় মহোদয়,

ব্র্যাক এর পক্ষ থেকে আপনাকে শুভেচ্ছা।

শিক্ষা, দক্ষতা উন্নয়ন এবং যুব জনগোষ্ঠীর ক্ষমতায়নসহ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্র্যাক বিগত পাঁচ দশকেরও বেশি সময় ধরে সরকার ও জনগণের সহযোগী হিসেবে কাজ করে আসছে।

যথাযথ সম্মান প্রদর্শনপূর্বক বিনীতভাবে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্র্যাক কর্তৃক মাদ্রাসা শিক্ষক ও শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে একটি কার্যকর ও প্রাসঙ্গিক কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রারম্ভিক অবস্থা পর্যালোচনা (Situation Analysis) বিষয়ক একটি গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। পরিকল্পিত এই গবেষণার মাধ্যমে মাদ্রাসা শিক্ষার্থীদের একবিংশ শতাব্দির প্রয়োজনীয় জ্ঞান, দৃষ্টিভঙ্গি ও অনুশীলনের বর্তমান অবস্থা মূল্যায়ন করা হবে, যা ভবিষ্যৎ কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের জন্য একটি গুরুত্বপূর্ণ ভিত্তি হিসেবে কাজ করবে। এই উদ্যোগটি বাংলাদেশের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মসূচির উদ্দেশ্য ও অগ্রাধিকারের সাথেও সামঞ্জস্যপূর্ণ।

গবেষণায় প্রাপ্ত ফলাফল বিবেচনায় মাদ্রাসা শিক্ষাব্যবস্থায় প্রয়োজনীয় কর্মসূচি - যেমন কারিগরি দক্ষতা, জীবনদক্ষতা (Soft Skills) ইত্যাদি অন্তর্ভুক্তির মাধ্যমে শিক্ষার্থীদের কর্মমুখী জীবনব্যবস্থার সঙ্গে সম্পৃক্ত করার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণের পরিকল্পনা রয়েছে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষ, মাদ্রাসা ব্যবস্থাপনা, শিক্ষক ও অন্যান্য অংশীজনের সঙ্গে পরামর্শক্রমে (co-creation) কর্মসূচির কাঠামো নির্ধারণ করা হবে এবং পরবর্তীতে যৌথভাবে বাস্তবায়নের সুযোগ চিহ্নিত করা হবে।

প্রাথমিক পর্যায়ে দেশের প্রায় ২০টি উপজেলায় অবস্থিত আনুমানিক ৫০টি মাদ্রাসায় তথ্য সংগ্রহের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ ক্ষেত্রে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (TTC) এবং ব্র্যাক ইনস্টিটিউট অব ব্লিস ডেভেলপমেন্ট (BISD)-এর নিকটবর্তী এলাকাসমূহকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে।

উক্ত গবেষণা কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আপনার আওতাধীন নির্বাচিত উপজেলা ও শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে (সংযুক্তি দ্রষ্টব্য) আমাদের তথ্য সংগ্রহকারীগণ মার্চপর্যায়ের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আপনার সদয় সহযোগিতা কামনা করছি।

আপনার সদয় সহযোগিতার জন্য অগ্রিম ধন্যবাদ জ্ঞাপন করছি।

ধন্যবাদান্তে,

বিনীত



মৌসুমী মোশাররফ মৌ
ম্যানেজার - দক্ষতা উন্নয়ন প্রোগ্রাম
ব্র্যাক
মোবাইল নাম্বার: ০১৭৬২৫৬০২৩৩